দাখিল MPO

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
ঢাকা

নংশিবিশা-৪/২জি-৯/৯৪/ -শিক্ষা, তারিখ : ২৩-৭-৯৪ইং / ১১-৪-১৪০১বাং

প্রেরক: মীর শওকত আলী
সিনিয়র সহকারী সচিব।

প্রাপক: পরিচালক
ব্যানবেইস, পলাশী, নীলক্ষেত, ঢাকা।

বিষয়: বেতন ও ভাতাদি বাবদ সরকারী অনুদান প্রদান প্রসংগে

আদিষ্ট হইয়া উল্লিখিত বিষয়ে জানানো যাইতেছে যে, খান এ, সবুর মহিলা দাখিল মাদ্রাসা, থানা-খুলনা সদর, জিলা-খুলনা এর শিক্ষক-কর্মচারীদের বিধি মোতাবেক স্টাফিং প্যাটার্ন অনুযায়ী ১/৭/৯৪ইং তারিখ হইতে সরকারী অনুদান প্রদানে সরকার সম্মত হইয়াছেন।

( মীর শওকত আলী )
সিনিয়র সহকারী সচিব।

নংশিবিশা-৪/২জি-৯/৯৪/ ৭৬৫৩/১(৪) -শিক্ষা, তারিখ : ২৩-৭-৯৪ইং / ১১-৪-১৪০১বাং

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হইল :-

১। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা
২। পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, পাঠ্যপুস্তক ভবন, ৬৯-৭০ মতিঝিল বা/এ, ঢাকা।
৩। জেলা শিক্ষা অফিসার, খুলনা।
৪। সুপার, খান এ, সবুর মহিলা দাখিল মাদ্রাসা, থানা-খুলনা সদর, জিলা-খুলনা।

( মীর শওকত আলী ) ২৩.৭.৯৪
সিনিয়র সহকারী সচিব।

হাসান

30-6-98

সত্যায়িত

মোঃ ছালেহ আহাম্মদ
অধ্যক্ষ
খুলনা মহিলা আলিয়া ফাজিল মাদরাসা
খুলনা সদর, খুলনা। মোবাঃ ০১৭১৩-৭২০৬৭৬

আলিম MPO

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

নং- শাঃ১৪/১জি-৭/২০০১/৩৪১ -শিক্ষা

তারিখ : ২/১০/২০০১

প্রেরক : ভুইয়া সফিকুল ইসলাম
উপ-সচিব (মাধ্যমিক)

প্রাপক : পরিচালক
বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
পলাশী-নীলক্ষেত, ঢাকা-১২০৫।

বিষয় : ২০০১-২০০২ অর্থ বছরে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান প্রসংগে।

আদিষ্ট হয়ে উল্লিখিত বিষয়ে জানানো যাচ্ছে যে, এতদ্‌সংগে সংযুক্ত তালিকায় বর্ণিত নিম্নমাধ্যমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ এবং মাদ্রাসাসমূহের স্টাফিং প্যাটার্ণ মোতাবেক বিধি সম্মতভাবে নিয়োজিত শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ নিম্নলিখিত শর্ত সাপেক্ষে প্রদান করতে সরকার সদয় সম্মতি জ্ঞাপন করেছে :

১। শর্তাবলী :

(ক) প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যেক শিক্ষক-কর্মচারীদের স্ব স্ব নামে ব্যাংকে হিসাব খুলতে হবে।

(খ) প্রচলিত স্টাফিং প্যাটার্ণ এর শর্ত পূরণ করতে হবে। কোন পদ শূন্য হলে/থাকলে অথবা নতুন নিয়োগের স্থলে মহিলা শিক্ষিকা নিয়োগ করতে হবে। এই অবস্থা মোট পদের ৩০% পূরণ না হওয়া পর্যন্ত চলতে থাকবে।

(গ) ২০০১-২০০২ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানকে পরীক্ষামূলক ভিত্তিতে ১ (এক) বছরের জন্য এমপিওভুক্ত করা হবে।

(ঘ) ২৪শে অক্টোবর'৯৫তে জারীকৃত (পরবর্তীতে সংশোধিত যদি হয়ে থাকে) বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীদের বেতন-ভাতাদির সরকারি অংশ প্রদান ও জনবল কাঠামো সম্পর্কিত নীতিমালায় বর্ণিত শর্তসমূহ পূরণ করতে হবে। কোন প্রতিষ্ঠান এই শর্ত পূরণে ব্যর্থ হলে পরবর্তী অর্থ বছরে তার এমপিওভুক্তি বাতিল করা হবে।

(ঙ) ২০০১-২০০২ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রণয়নের জন্য সংযুক্ত নির্দেশিকা (সংযুক্তি-১) অনুযায়ী কাগজপত্রের মূল কপি ব্যানবেইসে ৩১/১০/২০০১ তারিখের মধ্যে অবশ্যই পৌঁছাতে হবে। অন্যথায় এমপিওভুক্তির প্রদত্ত আদেশ বাতিল বলে গণ্য হবে।

২। যথাযথ স্বীকৃতি না থাকলে এমপিওভুক্তির আদেশ বাতিল বলে গণ্য হবে।

৩। ২০০১-২০০২ অর্থ বছরে এমপিওভুক্তির জন্য নির্বাচিত প্রতিষ্ঠানসমূহের এমপিওভুক্তির জন্য সরকারি আদেশ ০১/১০/২০০১ থেকে কার্যকর হবে।

৪। উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের ব্যয় ২০০১-২০০২ অর্থ বছরের ৩-২৫৪-০০১৩-নতুন স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান ৫৯৩১-সরকারি শিক্ষকদের বেতন সহায়তা খাত থেকে মিটানো হবে।

সত্যায়িত

মোঃ ছালেহ্ আহাম্মদ
অধ্যক্ষ
খুলনা মহিলা আলিয়া ফাজিল মাদরাসা
খুলনা সদর, খুলনা। মোবাঃ ০১৭১৩-৭২০৬৭৬

( ভুইয়া সফিকুল ইসলাম )
উপ-সচিব (মাধ্যমিক)

(সংযুক্তি-১)

## ২০০০-২০০১ সালে এমপিওভুক্তির জন্য নির্বাচিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যানবেইস কর্তৃক এমপিও প্রণয়ন সংক্রান্ত প্রয়োজনীয় নির্দেশিকা

১। জেলা শিক্ষা অফিসারের অগ্রণীকরণসহ কাগজপত্র জমা দিতে হবে।

২। প্রতিষ্ঠানের স্বীকৃতিপত্র জমা দিতে হবে।

৩। যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কমিটির সত্যায়িত কপি জমা দিতে হবে।

৪। এমপিওভুক্তি সংক্রান্ত শিক্ষা মন্ত্রণালয়ের জি.ও জমা দিতে হবে।

৫। ১৫০ টাকার নন্‌জুডিসিয়াল-ষ্ট্যাম্পে প্রতিষ্ঠানের ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির চেয়ারম্যান ও প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত অঙ্গীকারনামার মূল কপি জমা দিতে হবে (অঙ্গীকারনামার নমুনা নিম্নে দ্রষ্টব্য)।

৬। ব্যানবেইস নির্ধারিত শিক্ষা প্রতিষ্ঠান ও শিক্ষক কর্মচারিদের পূরণকৃত জরিপ ফরমে জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষর থাকতে হবে।

৭। প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের বিবরণী ব্যাংক একাউন্ট নম্বরসহ প্রতিষ্ঠান প্রধান, গভর্নিং বডি/ ম্যানেজিং কমিটির সভাপতি ও জেলা শিক্ষা অফিসারের প্রতিস্বাক্ষরসহ জমা দিতে হবে।

৮। স্কুল এন্ড কলেজের ক্ষেত্রে স্কুল শাখার শিক্ষক-কর্মচারীদের এমপিও প্রিন্ট ও পূর্ণ বিবরণী জমা দিতে হবে।

৯। শিক্ষা প্রতিষ্ঠানের এমপিও প্রণয়নের ক্ষেত্রে সরকারের বিদ্যমান নির্ধারিত নীতিমালা ও প্যাটার্ণ অনুসরণ করতে হবে।

১০। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে দৈনিক পত্রিকায় প্রচারিত নিয়োগ বিজ্ঞপ্তি পূর্ণ পৃষ্ঠাব্যাপী সত্যায়িত কপি জমা দিতে হবে।

১১। শিক্ষক-কর্মচারীদের নিয়োগের ক্ষেত্রে টেবুলেশন সীটে বাছাই কমিটির সুপারিশসহ কমিটির সদস্যগণের সীল মোহরসহ স্বাক্ষর থাকতে হবে।

১২। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটিতে বিধিমোতাবেক সরকারি প্রতিনিধি সংক্রান্ত সত্যায়িত কাগজপত্র জমা দিতে হবে।

১৩। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে বাছাই কমিটির সুপারিশ ম্যানেজিং কমিটি/গভর্নিং বডির সভায় অনুমোদনের রেজুলেশন জমা দিতে হবে।

বিএসসি (অংক)/বায়োলজি/কৃষি শিক্ষক ও প্রদর্শক নিয়োগের ক্ষেত্রে স্নাতক পর্যায়ের পাশের নম্বরপত্র জমা দিতে হবে। উল্লেখ্য যে, উক্ত প্রতিষ্ঠানে অন্য কোন বিএসসি শিক্ষক কর্মরত (এমপিওভুক্ত) থাকলে তারও ডিগ্রি পর্যায়ের নম্বর পত্র জমা দিতে হবে।

১৫। কৃষি শিক্ষক এমপিওভুক্তির ক্ষেত্রে কৃষি শাখায় অধ্যয়নরত ছাত্র-ছাত্রী সম্পর্কে জেলা শিক্ষা অফিসার কর্তৃক পরিদর্শন প্রতিবেদন/বোর্ড কর্তৃক কৃষি বিষয় খোলার অনুমতিপত্র জমা দিতে হবে।

১৬। কম্পিউটার শিক্ষক এমপিওভুক্তির ক্ষেত্রে নির্ধারিত শিক্ষাবোর্ড কর্তৃক কম্পিউটার বিষয়ের অনুমোদনপত্রসহ নট্রামস বা সরকার কর্তৃক অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কম্পিউটার বিষয়ে প্রশিক্ষণের সনদপত্র জমা দিতে হবে।

১৭। শিক্ষক/কর্মচারিদের এমপিওভুক্তির ক্ষেত্রে সকল কাগজপত্র (নিয়োগ বিজ্ঞপ্তি/রেজুলেশন/শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র) ১ম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত কপি জমা দিতে হবে। উল্লেখ্য যে, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক সত্যায়িত গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

### অঙ্গীকার পত্র (নমুনা)

আমরা এই মর্মে প্রত্যয়ন করিতেছি যে, আমাদের শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও কর্মচারীগণের বেতন ভাতাদির সরকারি অংশ প্রদান সংক্রান্ত দাখিলকৃত যে সকল কাগজপত্র/তথ্য দেওয়া আছে তাহা সঠিক ও সত্য। এই তথ্যসমূহের মধ্যে কোনটি অসত্য প্রমাণে প্রতিষ্ঠানটির শিক্ষক-কর্মচারীগণের অনুদান সরকার বন্ধ করিলে আমরা কোন আপত্তি উত্থাপন করিতে পারিব না। সেইরূপ কোন আপত্তি করিলে তাহা [illegible] হইবে।

মোঃ ছালেহ্ আহাম্মদ
অধ্যক্ষ
খুলনা মহিলা আলিয়া ফাজিল মাদরাসা
খুলনা সদর, খুলনা। মোবাঃ ০১৭১৩-৭২০[illegible]

প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীল

স্বাক্ষর ও সীল
সভাপতি, ব্যবস্থাপনা কমিটি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
এম.পি.ও. সেল
সচিবালয় লিংক রোড, পরিবহন পুল ভবন, ঢাকা।
www.tmed.gov.bd

নং ৫৭.০০.০০০০.০৪০.০৭.১০০.২০. ৫৯ তারিখঃ ১৬ই বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ / ২৯ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

বিষয়: মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের অনুকূলে এম.পি.ও কোডসহ শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদান।

সূত্র: এ বিভাগের স্মারক নং ১) ৫৭.০০.০০০০.০৪০.০৬.০৯৯.১৯-১২৩ তারিখ: ২৩ অক্টোবর, ২০১৯ খ্রিস্টাব্দ
২) ৫৭.০৩.০০০০.০২৮.০৬.০০১.১৯-৩১৪ তারিখ: ২৯ এপ্রিল, ২০২০ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ অনুযায়ী চুড়ান্তভাবে নির্বাচিত ফাযিল পর্যায়ের নিম্নোক্ত ৩৪ টি শিক্ষা প্রতিষ্ঠানের অনুকুলে এম.পি.ও. কোডসহ বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত ও যোগ্য শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

## মাদ্রাসার ধরন: ফাযিল মাদ্রাসা

| ক্র. নং | জেলা | উপজেলা | ইআইআইএন | মাদ্রাসার নাম |
|---|---|---|---|---|
| ১. | পঞ্চগড় | বোদা | ১২৫৯৫৯ | সাকেয়া জামিলাতুন নেছা ফাযিল মাদ্রাসা |
| ২. | নীলফামারী | ডিমলা | ১২৪৮০৯ | ডিমলা নিজপাড়া ফাযিল মাদ্রাসা |
| ৩. | গাইবান্ধা | পলাশবাড়ী | ১২১৪০৪ | পলাশবাড়ী এএসবিপি গার্লস ফাযিল মাদ্রাসা |
| ৪. | গাইবান্ধা | গোবিন্দগঞ্জ | ১২১২৯০ | কাঠালবাড়ী মোস্তাফিয়া দ্বিমুখী সিনিয়র ফাযিল মাদ্রাসা |
| ৫. | চাঁপাইনবাবগঞ্জ | শিবগঞ্জ | ১২৪৭০৮ | কানসাট সাইফুদ্দিন মেমোরিয়াল সিনিয়র ফাযিল মাদ্রাসা |
| ৬. | চাঁপাইনবাবগঞ্জ | শিবগঞ্জ | ১২৪৬৯১ | শিবগঞ্জ ফাযিল মাদ্রাসা |
| ৭. | চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ সদর | ১২৪৫৭৬ | নবাবগঞ্জ মহিলা ফাযিল মাদ্রাসা |
| ৮. | নওগাঁ | নিয়ামতপুর | ১২৩৫৪২ | চৌরাপাড়া ফাযিল মাদ্রাসা |
| ৯. | নওগাঁ | সাপাহার | ১২৩৮০৫ | সাপাহার সরফতুল্লাহ ফাযিল মাদ্রাসা |
| ১০. | নওগাঁ | ধামইরহাট | ১২৩১৮৫ | ধামইরহাট ছিদ্দিকিয়া ফাযিল মাদ্রাসা |
| ১১. | নওগাঁ | বদলগাছী | ১২৩১২৬ | গৈড়া তেতুলিয়া ডিএম ফাযিল মাদ্রাসা |
| ১২. | নওগাঁ | নওগাঁসদর | ১২৩৪৭১ | হযরত খাদিজা (রা:) মহিলা ফাযিল মাদ্রাসা |
| ১৩. | রাজশাহী | দুর্গাপুর | ১৩১৪৪১ | দুর্গাপুর ফাযিল মাদ্রাসা |
| ১৪. | সিরাজগঞ্জ | চৌহালী | ১২৮০৬০ | চৌহালী বালিকা ফাযিল মাদ্রাসা |
| ১৫. | কুষ্টিয়া | মিরপুর | ১১৭৮৮০ | মিরপুর নাজমুল উলুম সিদ্দিকীয়া ফাযিল মাদ্রাসা |
| ১৬. | কুষ্টিয়া | কুমারখালী | ১১৭৭০৮ | ভালুকা চৌরঙ্গী ফাযিল মাদ্রাসা |
| ১৭. | চুয়াডাঙ্গা | দামুড়হুদা | ১১৫৪১৯ . | কার্পাসডাংগা ইসলামিয়া ফাযিল মাদ্রাসা |
| ১৮. | ঝিনাইদহ | শৈলকুপা | ১১৬৮০৮ | শৈলকুপা ফাযিল মাদ্রাসা |
| ১৯. | খুলনা | খুলনাসদর | ১১৭১৫৯ | খান এ সবুর মহিলা ফাযিল মাদ্রাসা |
| ২০. | পটুয়াখালী | পটুয়াখালী সদর | ১০২৫৪১ | পটুয়াখালী ওয়াইয়েজীয়া কামিল মাদ্রাসা |
| ২১. | পটুয়াখালী | বাউফল | ১০২০৫৪ | ধানদী ফাযিল মাদ্রাসা |
| ২২. | বরিশাল | হিজলা | ১০০৭৩৩ | আফসার উদ্দীন ফাযিল মাদ্রাসা |
| ২৩. | টাঙ্গাইল | মধুপুর | ১১৪৪৩৯ | মধুপুর আদর্শ ইসলামিয়া ফাযিল মাদ্রাসা |
| ২৪. | টাঙ্গাইল | ভূঞাপুর | ১১৪০৪৮ | ভূয়াপুর ফাযিল মাদ্রাসা |
| ২৫. | টাঙ্গাইল | সখিপুর | ১১৪৬৫১ | প্রতিমা বংকী ইসলামিয়া ফাযিল মাদ্রাসা |

| ক্র. নং | জেলা | উপজেলা | ইআইআইএন | মাদ্রাসার নাম |
|---|---|---|---|---|
| ২৬. | শেরপুর | শেরপুরসদর | ১১৩৮৮৮ | ইদ্রিসিয়া ফাযিল মাদ্রাসা |
| ২৭. | শেরপুর | নকলা | ১১৩৭৫৩ | নকলা শাহরিয়া ফাযিল মাদ্রাসা |
| ২৮. | ময়মনসিংহ | ফুলপুর | ১১২১৪৭ | ফুলপুর মহিলা কামিল মাদ্রাসা |
| ২৯. | ময়মনসিংহ | ঈশ্বরগঞ্জ | ১১১৮০৩ | পিতাম্বরপাড়া হোসাইনিয়া বহুমুখী ফাযিল মাদ্রাসা |
| ৩০. | ময়মনসিংহ | নান্দাইল | ১১২০৫০ | আচারগাঁও ফাযিল মাদ্রাসা |
| ৩১. | ফরিদপুর | ফরিদপুর সদর | ১০৮৭৮৭ | সোবজান নেসা মহিলা ফাযিল মাদ্রাসা |
| ৩২. | গোপালগঞ্জ | মুকসুদপুর | ১০৯৬৪৩ | মুকসুদপুর ফাযিল মাদ্রাসা |
| ৩৩. | মৌলভীবাজার | কুলাউড়া | ১২৯৬৭০ | মনসুর মোহাম্মদিয়া সিনিয়র মাদ্রাসা |
| ৩৪. | কুমিল্লা | মুরাদনগর | ১০৬০৫৫ | নবীয়াবাদ আলহাজ্ব আব্দুল ওয়াদুদ সরকার ফাযিল মাদ্রাসা |

শর্তসমুহ:

(১) বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ অনুযায়ী শিক্ষক-কর্মচারীগণ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন। তবে শিক্ষক-কর্মচারীদের যোগ্যতা ও অভিজ্ঞতা নিয়োগকালীন সময়ে বিধি বিধান, পরিপত্র জনবল কাঠামো ও এম.পি.ও. নীতিমালা অনুযায়ী প্রযোজ্য হবে;

(২) যে সকল শিক্ষা প্রতিষ্ঠান এম.পি.ও. ভুক্ত হয়েছে তাদের মধ্যে কোন শিক্ষা প্রতিষ্ঠান নীতিমালা অনুযায়ী কাম্য যোগ্যতা বজায় রাখতে ব্যর্থ হলে সে প্রতিষ্ঠানের এম.পি.ও. স্থগিত করা হবে;

(৩) শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতাদি ০১ জুলাই ২০১৯ থেকে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৭/৪/২০২০

(মোহাম্মদ মিজানুর রহমান ভূইয়া)
উপসচিব (এম.পি.ও.)
ফোন: ০২-৯৫৭৫৮০৭

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, রমনা
ঢাকা।

নং ৫৭.০০.০০০০.০৪০.০৭.১০০.২০. ৫৯

তারিখঃ ১৬ই বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
২৯ এপ্রিল ২০২০ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার,...............................................বিভাগ (সকল)
৬. চেয়ারম্যান, বেসরকারী শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ), ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
৭. মহাপরিচালক, জাতীয় শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো(ব্যানবেইস), পলাশী-নীলক্ষেত, ঢাকা।
৮.মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ধানমন্ডি, ঢাকা।